



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাপাসিয়া, গাজীপুর।

## ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল সাধারণ খাদ্যশস্য ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওএমএস নীতিমালা, ২০২৪ এবং খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৯/১০/২০২৪ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ স্মারকে ওএমএস (সাধারণ) কর্মসূচী খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় পরিচালনা করার নির্দেশনা এবং উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর মহোদয়ের অনুমোদনক্রমে নতুন ওএমএস (সাধারণ) ডিলার নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত বিক্রয় কেন্দ্রের ডিলারশীপ পরিচালনা করতে আগ্রহী সংশ্লিষ্ট স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণ আগামী ৩০/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণ আগামী ৩০/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর হতে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) চালান এর মাধ্যমে ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ কোডে ব্যাংকে জমা করে আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সত্যায়িতসহ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে সীলগলাকৃত খামে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র জমা গ্রহণ করা হবে না।

ছক-১

ক্রঃ নং	উপজেলার নাম	প্রয়োজনীয় সংখ্যক ওএমএস ডিলার (সাধারণ)	বিক্রয় কেন্দ্রের নাম
০১	কাপাসিয়া	০১	কাপাসিয়া বাসট্যান্ড
০২		০১	কলেজ গেট, কাপাসিয়া

### শর্তাবলী নিম্নরূপঃ-

- উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া ও সভাপতি ওএমএস কমিটি, কাপাসিয়া, গাজীপুর বরাবর আবেদন করতে হবে।
- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন।
- খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- সংশ্লিষ্ট বিক্রয় কেন্দ্রের নিকটবর্তী বা অনতিদূরে নিজস্ব/ভাড়ায় দোকান ঘর থাকতে হবে।
- দোকানের মেঝে অবশ্যই পাকা ও পণ্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
- আবেদনকারীকে দোকান ঘরে কমপক্ষে ০৩(তিন) মে: টন খাদ্যশস্য সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।
- আবেদনকারীকে সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী খাদ্যশস্য ব্যবসায়ী হতে হবে।
- আবেদনকারীকে আর্থিক দিক থেকে সচ্ছল ও মাল্যমানের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- শান্তি প্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বাতিলকৃত বা সাময়িকভাবে বরখাস্তকৃত ব্যক্তিকে ডিলার হিসেবে নিয়োগ করা হবে না।
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ক্ষেত্রে ডিলার হতে পারবেন না।
- সরকারী কর্মচারী ও কোনো জনপ্রতিনিধি আবেদন করতে পারবেন না।
- কোনো ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- কমিটি কর্তৃক নির্বাচিত ওএমএস ডিলারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা দিতে হবে।
- ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- নির্ধারিত ফরমেট বৈধকৃত রেজিস্টার বিক্রীত খাদ্যশস্যের মাষ্টাররোল তৈরি করতে হবে।
- দোকানের সামনে লালসালু কাপড়ে খাদ্য বিভাগ কর্তৃক নির্ধারিত সাইনবোর্ড থাকতে হবে।
- আবেদনকৃত খামের উপরে ডানপাশে বিক্রয় কেন্দ্রের স্থান ও ওএমএস সাধারণ/বিশেষ ডিলার উল্লেখ করতে হবে।
- উল্লিখিত শর্তগুলির কোনরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আবেদন নিয়োগের জন্য বিবেচিত হবে না।

### আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(১) ফুডগ্রেইন লাইসেন্সের ফটোকপি (২) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (৩) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক এদস্ত নাগরিকত্বের সনদ (৪) খাদ্যশস্য ট্রেড লাইসেন্সের ফটোকপি (৫) চার কপি পাসপোর্ট সাইজের ছবি (৬) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ (৭) দোকান ঘরের মালিকানা বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র। (৮) ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা।

(বিঃ দ্রঃ সংযুক্তি কাগজপত্রগুলি প্রথম শ্রেণি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রদান করতে হবে।)

*Zarona*  
2024/01/20

(তামান্না তাসনীম)

উপজেলা নির্বাহী অফিসার

কাপাসিয়া ও

সভাপতি ওএমএস কমিটি

কাপাসিয়া, গাজীপুর।

তারিখ: ১৫/০১/২০২৫ খ্রিঃ